



# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

সূত্র নং : এসইসি/মুখপত্র/২০১১/২৯৮

তারিখ : ০৭/০৩/২০১২

## প্রেস বিজ্ঞপ্তি

৪২৩ তম কমিশন সভা গতকাল ০৬ মার্চ ২০১২ ইং তারিখে কমিশনের সভা কক্ষে কমিশনের চেয়ারম্যান অধ্যাপক ডঃ এম, খায়রুল হোসেনের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভার সিদ্ধান্তসমূহ নিম্নরূপ :

১। সভায় Securities and Exchange Commission (Research Analysis) Rules, 2012 এবং সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (বিনিয়োগ উপদেষ্টা) বিধিমালা, ২০১২ কিছু পরিবর্তন সাপেক্ষে অনুমোদিত হয়। এ ব্যাপারে জনমত যাচাইয়ের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

২। ট্রাস্ট ব্যাংক লিমিটেড এর ৫,৩২,২২,৫৫০ (পাঁচ কোটি বত্রিশ লক্ষ বাইশ হাজার পাঁচশত পঞ্চাশ) টি সাধারণ শেয়ার ১৪৫ অনুপাতে (একটি রাইট শেয়ার পাঁচটি বিদ্যমান শেয়ারের বিপরীতে) টাকা ২০ ইস্যু মূল্যে (টাকা ১০ প্রিমিয়াম সহ) মোট ১০৬,৪৪,৫১,০০০ (একশত ছয় কোটি চুয়াল্লিশ লক্ষ একান্ন হাজার) টাকার রাইট শেয়ার ইস্যুর প্রস্তাব অনুমোদিত হয়েছে।

৩। সভায় ফাইন ফুডস লিমিটেডের শেয়ার লেনদেনে অস্বাভাবিকতার জন্য নিম্নলিখিত সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়েছে;

ক) জনাব সুজিত সাহা, চেয়ারম্যান, ফাইন ফুডস লিমিটেড কর্তৃক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৩(১) এবং বিধি ৪(১) ভঙ্গ করায় জনাব সাহাকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ মোতাবেক টাকা ৫০ (পঞ্চাশ) লক্ষ জরিমানা করা হয়েছে।

এছাড়া জনাব সুজিত সাহা সাহা সাথে ব্যক্তিগত সম্পর্কের কারণে নিম্নোক্ত ব্যক্তিবর্গ ('খ' থেকে 'চ') ফাইন ফুডস লিমিটেডের শেয়ার সংক্রান্ত অপ্রকাশিত তথ্যের ভিত্তিতে লেনদেন করে লাভবান হওয়ায়, তাদেরকে লাভের সমপরিমাণ অর্থ জরিমানা করা হয়;

খ) জনাব জুতন সাহা কর্তৃক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪(১) ভঙ্গ করায় জনাব সাহাকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ মোতাবেক টাকা ৪৪ (চুয়াল্লিশ) লক্ষ জরিমানা করা হয়েছে।

গ) জনাবা ফমা সাহা কর্তৃক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪(১) এবং Securities and Exchange Ordinance, 1969 এর section 17(e)(v) ভঙ্গ করায় জনাবা সাহাকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ মোতাবেক টাকা ১.৮৫ (এক কোটি পঁচাল্লিশ লক্ষ) কোটি জরিমানা করা হয়েছে।

ঘ) জনাবা শিউলি সাহা কর্তৃক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪(১) করায় জনাবা সাহাকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ মোতাবেক টাকা ১৭ (সতের) লক্ষ জরিমানা করা হয়েছে।

১/২




# সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন SECURITIES AND EXCHANGE COMMISSION

JIBAN BIMA TOWER (14,15,16 & 20 FLOOR), 10 DILKUSHA C/A, DHAKA-1000, BANGLADESH

ঙ) জনাব জয়দেব কুমার সাহা কর্তৃক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪(১) করায় জনাব সাহাকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ মোতাবেক টাকা ১০ (দশ) লক্ষ জরিমানা করা হয়েছে।

চ) জনাবা শিপ্রা পাল কর্তৃক সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন (সুবিধাভোগী ব্যবসা নিষিদ্ধকরণ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৪(১) করায় জনাবা সাহাকে সিকিউরিটিজ ও এক্সচেঞ্জ কমিশন আইন, ১৯৯৩ এর ধারা ১৮ মোতাবেক টাকা ২৫ (পঁচিশ) লক্ষ জরিমানা করা হয়েছে।

এছাড়া সিকিউরিটিজ সংক্রান্ত আইন ভঙ্গ করায় জনাব শংকর কুমার রায়, জনাব শামসুল আলম, জনাব শাহ আলম মিন্টু, জনাব জাহাঙ্গীর আলম, জনাবা সাজিয়া জেসমিন, জনাব আফজাল হোসেইন, পিএফআই সিকিউরিটিজ লিমিটেড (স্টক ব্রোকার), ব্যাংক এশিয়া লিমিটেড (স্টক ব্রোকার), আইএফআইসি ব্যাংক লিমিটেড (স্টক ব্রোকার), ন্যাশনাল ব্যাংক লিমিটেড (স্টক ব্রোকার) এবং এম, এইচ, চৌধুরী সিকিউরিটিজ লিমিটেড (স্টক ব্রোকার) এর প্রতি সতর্কীকরণ পত্র ইস্যুর সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

  
০৭/০৬/২০২২  
ফরহাদ আহমেদ  
নির্বাহী পরিচালক